

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৯৪(আগরতলা, ১৪।৬)
খোয়াই, ১৪ জুন, ২০১৮

চেবরীতে স্বেচ্ছায় রক্তদান শিবির

রক্তদান জীবনদান এই আহ্বানকে সামনে রেখে গতকাল চেবরী বাজারে স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরে মোট ২৭ জন স্বেচ্ছায় রক্তদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, বিশিষ্ট সমাজসেবী অমিত রক্ষিত, খোয়াই জেলা হাসপাতালের সুপার ডাঃ ধনঞ্জয় রিয়াং সহ বিশিষ্টজনেরা। খোয়াই জেলা হাসপাতালের সুপার ডাঃ ধনঞ্জয় রিয়াং এ তথ্য জানান।
